ইত্তেফাক

তারিখ 28 MAY 2009
পৃষ্ঠা ৩ কলাম ৭

## বাংলাদেশী শিক্ষার্থীদের জন্য

# যুক্তরাজ্যের ইউনিভার্সিটি অব হলের বৃত্তি ঘোষণা

ইত্তেফাক রিপোর্ট ।। যুক্তরাজ্যের দি ইউনিভার্সিটি অব হল এ বছরের সেপ্টেম্বর শিক্ষা বর্ষে বাংলাদেশী শিক্ষার্থীদের জন্য বৃত্তি ঘোষণা করেছে। গতকাল বুধবার জাতীয় প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনে বিশ্ববিদ্যালয়ের রিক্রুটমেন্ট ম্যানেজার রাধিকা লংবটম বৃত্তি ঘোষণা করেন। আন্তর্জাতিক শিক্ষা পরামর্শক প্রতিষ্ঠান ইনফোজি ইন্টারন্যাশনাল এ সাংবাদিক সম্মেলনের আয়োজন করে। সাংবাদিক সম্মেলনে জানানো হয়, স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষার্থীদের হল এ বৃত্তি প্রদান করবে। স্নাতক পর্যায়ের বৃত্তিগুলো হলো বিজনেস স্কুল ইন্টারন্যাশনাল বারসারিজ (১০০০ পাউন্ড), ইন্টারন্যাশনাল সায়েন্স স্কলারশিপ (২৫০০ পাউন্ড), বিএ জিওগ্রাফী প্রোগ্রাম (১২৫০ পাউন্ড), ইন্টারন্যাশনাল অফিস স্কলারশিপ (১ জনের সম্পূর্ণ বেতন ও ১ জনের জন্য অর্ধেক বেতন)।

স্নাতক পর্যায়ের বৃত্তিগুলো হলো এমএসসি স্কলারশিপ (১৭৫০ পাউন্ড করে ১০ জনকে), এমএসসি বারসারিজ (৭৫০ পাউন্ড), ফুল টাইম এমবিএ স্কলারশিপ (২৫০০ পাউন্ড করে ৮ জনকে), ফুল টাইম এমবিএ বারসারিজ রিজেনারেশন (১২৫০ পাউন্ড), এফএএসএস ইন্টারন্যাশনাল স্টুডেন্ট বারসারিজ (১০০০ পাউন্ড) ও ইন্সটিটিউট অব লার্নিং ইন্টারন্যাশনাল স্টুডেন্ট বারসারিজ (৫০০ পাউন্ড)। লংবটম জানান, গত বছর হল বিশ্ববিদ্যালয় ৫ জন বাংলাদেশী শিক্ষার্থীকে বৃত্তি দিয়েছে। বৃত্তি ছাড়াও তিনি হল বিশ্ববিদ্যালয়ের ভর্তি সম্পর্কে নানা তথ্য উপস্থাপন করেন। তিনি বলেন, আগামী ১ জুন ইনফোজি ঢাকা অফিসে হল বিশ্ববিদ্যালয়ে সরাসরি বাংলাদেশী ছাত্র-ছাত্রীদের ভর্তি করা হবে। আগ্রহী শিক্ষার্থীদের তিনি মূল শিক্ষাগত সনদ, মার্কশীট, আইইএলটিএসসহ প্রয়োজনীয় কাগজপত্র নিয়ে সরাসরি গুলশান-১ নম্বরের হাউজ নং-১৫, রোড নং-১২৮ এর অফিসে যোগাযোগ করতে বলেন।

সাংবাদিক সম্মেলনে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন ইনফোজি ঢাকা অফিসের পরিচালক (অপারেশন) সাজিয়া আলম, প্রশাসনিক ব্যবস্থাপক আসাদুল হক ও বিপণন ব্যবস্থাপক জাহিদুর রহমান।